

## ইউজিসির সেমিনারে বক্তারা উচ্চশিক্ষার মান নিশ্চিতে বিনিয়োগ গুরুত্বপূর্ণ

উচ্চশিক্ষার বিভিন্ন স্তরে গুণগতমান নিশ্চিতকরণে বিনিয়োগ অত্যন্ত গুরুত্বপূর্ণ বলে মনে করছেন বিশিষ্টজন। বাংলাদেশে টেকসই গবেষণা ও শিক্ষা নেটওয়ার্ক গড়ে তোলার কৌশল নিয়ে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি) আয়োজিত এক সেমিনারে বিশিষ্টজন এ কথা বলেন।

গতকাল সোমবার ঢাকা ক্লাবের স্যামসন এইচ চৌধুরী সেন্টারে 'স্ট্র্যাটেজিস ফর সাসটেইনেবল রিসার্চ অ্যান্ড এডুকেশন নেটওয়ার্ক' শীর্ষক দু'দিনব্যাপী এই সেমিনারের উদ্বোধন করা হয়। ইউজিসি চেয়ারম্যান অধ্যাপক আবদুল মান্নান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে পৃষ্ঠা ৪ : কলাম ৬

## উচ্চশিক্ষার মান

[১৯ পৃষ্ঠার পর]

উপস্থিত ছিলেন। ইউজিসি সদস্য অধ্যাপক ড. মো. আখতার হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন এশিয়া প্যাসিফিক ইউনিভার্সিটির উপাচার্য জামিলুর রেজা চৌধুরী, শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব আবদুল্লাহ আল হাসান চৌধুরী, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. মুহম্মদ জাফর ইকবাল, এনডিসির প্রকল্প পরিচালক ড. গৌরাস চন্দ্র মোহত, বিশ্বব্যাংকের সিনিয়র অপারেশন অফিসার ড. মো. মোখলেছুর রহমান। অনুষ্ঠানে মূল প্রবন্ধ উপস্থাপন করেন এনওটিআরডিইউনেটের সিইও রেনি বুচ ও এশিয়া প্যাসিফিক অ্যাডভান্সড নেটওয়ার্কের সাবেক কর্মকর্তা ড. সিমন সি. লিন। স্বাগত বক্তব্য দেন বাংলাদেশ রিসার্চ অ্যান্ড এডুকেশন নেটওয়ার্কের সিইও একেএম হাবিবুর রহমান।

প্রধান অতিথির বক্তব্যে ইউজিসি চেয়ারম্যান বলেন, বিশ্ববিদ্যালয় পর্যায়ে বিভিন্ন প্রদত্ত নিরবচ্ছিন্ন ও উচ্চ ক্ষমতাসম্পন্ন ইন্টারনেট সংযোগ প্রদানের মাধ্যমে ইউজিসি শিক্ষা ও গবেষণার গুণগতমান উন্নয়নে কাজ করে যাচ্ছে। এতে শিক্ষার্থী, শিক্ষক ও গবেষকগণ ব্যাপকভাবে উপকৃত হচ্ছেন।